

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিস্ফোরক পরিদপ্তর
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়
www.explosives.gov.bd

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৮.০০০০.০০০.০০১.০৭.০০০৪.২৫.৩০৭

পরিপত্র

বিষয়: বিস্ফোরক পরিদপ্তরের বিভিন্ন প্রকার সেবা সংশ্লিষ্ট নকশা দাখিল সম্পর্কে।

বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রকার সেবা সংশ্লিষ্ট যে কোন ডিজাইন বা লে-আউট সম্পর্কিত নকশা/সংশোধিত নকশা দাখিল তথা অনুমোদনের ক্ষেত্রে সুনির্দিষ্ট পদ্ধতিগত কোন নির্দেশনা ইত:পূর্বে না থাকায় নকশা তথা নথি সম্পর্কিত সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ এবং সেবা প্রত্যাশী/গ্রহীতাগণ ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন ভাবে নকশা তথা নথি উপস্থাপন করছেন। ফলে, বিভিন্নভাবে নকশা তথা নথির নিরীক্ষণ করা হয়ে থাকে। এতে করে সময় ক্ষেপণসহ উভয়পক্ষের মাঝে অযথা ভুল খারণার উদ্বেগ হওয়ার মত আশংকা থেকে যায়, যা অনভিপ্রেত। ভবিষ্যতে নকশা তথা নথির উপস্থাপন পদ্ধতি এবং উহার নিরীক্ষণ পদ্ধতি উভয় ক্ষেত্রে সুনির্দিষ্ট পন্থায় কর্ম সম্পাদন এবং সুষ্ঠু পরিবেশে সেবা প্রদানে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিভিন্ন প্রকার সেবা সংশ্লিষ্ট যে কোন ডিজাইন বা লে-আউট সম্পর্কিত নকশা/সংশোধিত নকশা দাখিলের ক্ষেত্রে একটি গাইডলাইন/নির্দেশনা থাকার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে পরিলক্ষিত হয়।

২। পরিপ্রেক্ষিতে, দেশের বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থা, শিল্প প্রতিষ্ঠান, একক ব্যক্তি বা যৌথ উদ্যোগে বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রকার সেবা তথা কার্যক্রম পরিচালনার নিমিত্ত ঢাকাস্থ সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কার্যালয়সমূহ হতে বিভিন্ন প্রকার লাইসেন্স সংগ্রহের অনুমোদন প্রাপ্তির জন্য অন্যান্য কাগজপত্রের সাথে যে বিভিন্ন প্রকার সেবা সংশ্লিষ্ট যে কোন ডিজাইন বা লে-আউট সম্পর্কিত নকশা/সংশোধিত নকশা দাখিল করা হয় উক্ত নকশা দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো:

ক) প্রতিটি নকশায় সরেজমিন পরিমাপকে যে আনুপাতিক স্কেলে অংকন করা হয়েছে উক্ত স্কেলের পরিমাপসূচক অনুপাত রাশি নকশায় উল্লেখ করতে হবে;

খ) বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক প্রদত্ত যে কোন সেবা বা কার্যক্রমের জন্য অনুমোদিত নমুনা নকশা বা ডিজাইন (যদি থাকে) এর প্রতিরূপ হলে তা নকশায় উল্লেখ করতে হবে;

খা) বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক প্রদত্ত যে কোন সেবা বা কার্যক্রমের জন্য অনুমোদিত নমুনা নকশা বা ডিজাইন (যদি থাকে) হতে বিধিমাতে লে-আউট নকশায় কোনরূপ হ্রাস বা বৃদ্ধির প্রয়োজন পড়লে সেক্ষেত্রে কারিগরি ব্যাখ্যা, কত সক্ষমতার জন্য হ্রাস বা বৃদ্ধিপূর্বক লে-আউট নকশা দাখিলযোগ্য, আনুপাতিক পরিগণনায় হ্রাস বা বৃদ্ধিজনিত কারণে স্থাপনা/অবকাঠামোর প্রকৃত পরিমাপ ইত্যাদি চাহিত/প্রয়োজ্য তথ্যসমূহের উল্লেখ নকশায় থাকতে হবে;

গ) প্রতিটি নকশায়, নকশা অংকনকারী ড্রাফটসম্যান এর স্বীকৃত ও নিবন্ধিত সংস্থা কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক স্বাক্ষর থাকতে হবে;

ঘ) নকশা যাঁচাইকারী প্রকৌশলী এর স্বীকৃত ও নিবন্ধিত সংস্থা কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর প্রদানসহ স্বাক্ষর থাকতে হবে (মেকানিক্যাল/সিভিল);

ঙ) সিভিল অংশের জন্য সিভিল প্রকৌশলী এবং মেকানিক্যাল অংশের জন্য মেকানিক্যাল প্রকৌশলী এর স্বীকৃত ও নিবন্ধিত সংস্থা কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক স্বাক্ষরসহ নকশা দাখিল করতে হবে;

চ) প্রতিটি নকশায় লিজেন্ড, জমির তফশীল, ট্যাংক বা স্থাপনা এর বর্ণনা, অন্যান্য বর্ণনা নকশার নিচের দিকে সারিবদ্ধভাবে উল্লেখ করতে হবে;

ছ) প্রতিটি নকশা দাখিলের ক্ষেত্রে বিস্ফোরক পরিদপ্তরের সংশ্লিষ্ট আইন, বিধি, পরিপত্র ইত্যাদির আওতায় চাহিত/প্রয়োজ্য সকল তথ্যসমূহ সম্বলিত কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং যে যে শর্তের আলোকে তথ্যসমূহ প্রদানযোগ্য উক্ত শর্তের সূত্র উল্লেখপূর্বক "সঠিকভাবে নকশা অংকিত ও দাখিল করা হয়েছে" মর্মে সঙ্গাধিকারীর প্রত্যয়ন প্রদান করতে হবে;

জ) নকশা সংশোধনের উদ্দেশ্যে সংশোধিত নকশা দাখিলের ক্ষেত্রে পূর্বতন অনুমোদিত নকশার ফটোকপি এবং সংশোধনী আনয়নকল্পে সংশোধিত নকশায় পরিবর্তনজনিত মৌলিক বা তুলনামূলক উল্লেখযোগ্য তথ্যসমূহ ছক আকারে প্রদর্শন করতে হবে;

ঝ) বিস্ফোরক পরিদপ্তরের সংশ্লিষ্ট আইন, বিধি, পরিপত্র ইত্যাদির আওতায় চাহিত/প্রয়োজ্য তথ্যসমূহ এবং যে যে শর্তের আলোকে বিভিন্ন প্রকার সেবা সংশ্লিষ্ট যে কোন ডিজাইন বা লে-আউট সম্পর্কিত নকশা/সংশোধিত নকশা দাখিলযোগ্য উহার পূর্ণরূপ প্রতিপালন সুনিশ্চিত করতে হবে;

ঝা) অসম্পূর্ণ নকশা/সংশোধিত নকশা ফেরতের কারণ ব্যাখ্যা করে পুনরায় দাখিলের জন্য বলতে হবে। পুনরায় সঠিকভাবে দাখিলের পূর্বপর্যন্ত কোনভাবেই তা বিবেচনাযোগ্য হবে না এবং পুনরায় দাখিলের ক্ষেত্রে পূর্ব দাখিলের ক্রম অনুযায়ী বিবেচনার পরিবর্তে নতুনভাবে দাখিলের ক্রম

অনুযায়ী বিবেচনাযোগ্য হবে;

এ) সত্বাধিকারী, ডাফটসম্যান, যাচাইকারী প্রকৌশলী এর স্বাক্ষর নকশার ডানপাশে উল্লম্বভাবে থাকতে হবে।

৩। নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।



০২-০৫-২০২৫

মুহাম্মদ মেহেদী ইসলাম খান
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ২। উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক , প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর।
- ৩। বিস্ফোরক পরিদর্শক(সকল), .।
- ৪। সহকারী বিস্ফোরক পরিদর্শক (সকল), .।



০২-০৫-২০২৫

মুহাম্মদ মেহেদী ইসলাম খান
সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা